“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”
ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ
(ইজিসিবি) লিঃ
বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ
মন্ত্রণালয়
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট) এর দপ্তর
ইউনিক হাইট্স, ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ,
ঢাকা-১২১৭
ওয়েবঃ www.egcb.gov.bd

নম্বর: ২৭.২৭.২৬৬৬.১০৩.০৮.০১৩.২২.২৭২৭

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৯
১৩ ডিসেম্বর ২০২২

**পরিপত্র**

বিষয়: “ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড এর ক্রয় নীতিমালা, ২০১৫” এর সংশোধনী – ০২ ।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৮/১১/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ইজিসিবি লিঃ এর ১৫/২০২২ নং বোর্ডসভায় “ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড এর ক্রয় নীতিমালা, ২০১৫” এর সংশোধনী - ০২ অনুমোদিত হয়েছে, যা এতদসঙ্গে সংযুক্ত করা হলো ।

১৫-১২-২০২২

এস এম আতিকুর রহমান
উপ-মহাব্যবস্থাপক (এইচআরএম), কর্পোরেট অফিস, ইজিসিবি লিঃ, ঢাকা।
ফোন: 02-55138633-36
ফ্যাক্স: 02-55138637
ইমেইল: info@egcb.com.bd

বিতরণ:

১) ব্যবস্থাপনা পরিচালক, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি)

২) নির্বাহী পরিচালক (পিএন্ডডি), নির্বাহী পরিচালক (পিএন্ডডি) এর দপ্তর, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি)

৩) নির্বাহী পরিচালক(ওএন্ডএম), নির্বাহী পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি)

৪) ইজিসিবি এর কর্মকর্তা (সকল)

৫) অফিস সহকারী (ডেসপাচ), উপ-ব্যবস্থাপক (প্রশাসন)_কর্পোরেট অফিস এর দপ্তর , ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি)

ELECTRICITY GENERATION COMPANY OF BANGLADESH LIMITED
ISO 9001:2015, ISO 14001:2015 & ISO 45001:2018 Certified
Unique Heights (Level-15 & 16), 117, Kazi Nazrul Islam Avenue, Eskaton Garden, Dhaka-1217.
Tel:- 55138633-36 (PABX), Fax:- 880-2-55138637, E-mail: info@egcb.com.bd, Web: egcb.gov.bd
ISO 9001, 14001, 45001

**“ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড এর ক্রয় নীতিমালা, ২০১৫” এর সংশোধনী – ০২, নভেম্বর, ২০২২ ।**

| ক্র:নং: | অনুচ্ছেদ | বিদ্যমান শর্ত | সংশোধিত শর্ত |
|---|---|---|---|
| ১) | উপ-অনুচ্ছেদ ২.২৩ [সংজ্ঞা] | “পণ্য” অর্থ কাঁচামাল, উৎপাদিত পণ্যদ্রব্য ও যন্ত্রপাতি এবং কঠিন, তরল বা বায়বীয় আকারে পণ্যদ্রব্য, বিদ্যুৎ এবং পণ্য সংশ্লিষ্ট সেবা, যদি উহার মূল্য পণ্যের মূল্য অপেক্ষা অধিক না হয়; | “পণ্য” অর্থ কাঁচামাল, উৎপাদিত পণ্যদ্রব্য ও যন্ত্রপাতি এবং কঠিন, তরল বা বায়বীয় আকারে পণ্যদ্রব্য, বিদ্যুৎ, **প্রস্তুতকৃত কম্পিউটার সফটওয়্যার (off-the-shelf) ও অন্যান্য তথ্য প্রযুক্তিজাত অথবা সমজাতীয় সফটওয়্যার** এবং পণ্য সংশ্লিষ্ট সেবা, যদি উহার মূল্য পণ্যের মূল্য অপেক্ষা অধিক না হয়; |
| ২) | উপ-অনুচ্ছেদ ২.২৯ [সংজ্ঞা] | “বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা” অর্থ পরামর্শক কর্তৃক সম্পাদিতব্য পরামর্শ প্রদান বা ডিজাইন প্রণয়ন, বা কাজের তত্ত্বাবধান বা ব্যবহারিক জ্ঞান হস্তান্তর বিষয়ক বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা; | “বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা” অর্থ **বুদ্ধিবৃত্তিক অথবা পেশাগত বিষয়ে চুক্তিতে বর্ণিত মতে পরামর্শক কর্তৃক পরামর্শ প্রদান, বা কোন কম্পিউটার সফটওয়্যার ও অন্যান্য তথ্য প্রযুক্তিজাত অথবা সমজাতীয় সফটওয়্যার প্রস্তুতকরণ,** বা ডিজাইন প্রণয়ন, বা কাজের তত্ত্বাবধান বা ব্যবহারিক জ্ঞান হস্তান্তর বিষয়ক সেবা, **এবং সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্দিষ্টকৃত কোন বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা;** |
| ৩) | উপ-অনুচ্ছেদ ২.৩০ [সংজ্ঞা] | “ভৌত সেবা (physical services)” অর্থ নিম্নবর্ণিত পরিমাপণীয় সেবা-<br><br>ক) পণ্য সরবরাহ বা কার্য সম্পাদনের সহিত সম্পর্কিত সুযোগ-সুবিধা প্রদানকারী উপকরণাদি বা কোন প্রতিষ্ঠানের ভবন ও সরঞ্জাম পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, জরিপ, অনুসন্ধানমূলক খননকার্য; বা<br><br>খ) যে কোন বিশেষজ্ঞের সেবা; বা<br><br>গ) নিরাপত্তা সেবা, পরিবেশন সেবা, ভূতত্ত্ব বিষয়ক সেবা বা তৃতীয় পক্ষ প্রদত্ত সেবা সংক্রান্ত একক সেবাদানমূলক চুক্তি; | “ভৌত সেবা (physical services)” অর্থ নিম্নবর্ণিত পরিমাপণীয় সেবা-<br><br>ক) পণ্য সরবরাহ বা কার্য সম্পাদনের সহিত সম্পর্কিত সুযোগ-সুবিধা প্রদানকারী উপকরণাদি বা কোন প্রতিষ্ঠানের ভবন ও সরঞ্জাম পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, জরিপ, অনুসন্ধানমূলক খননকার্য; বা<br><br>খ) যে কোন বিশেষজ্ঞের সেবা; বা<br><br>গ) নিরাপত্তা সেবা, পরিবেশন সেবা, ভূতত্ত্ব বিষয়ক সেবা বা **একক সেবাদানমূলক চুক্তির অধীনে তৃতীয় পক্ষ প্রদত্ত কোন সেবা;**<br><br>**(ঘ) প্রাক-জাহাজীকরণ পরিদর্শন [Pre-Shipment Inspection (PSI)] এজেন্ট নিয়োগ, ক্লিয়ারিং এন্ড ফরোয়ার্ডিং এজেন্ট নিয়োগ, পণ্য পরিবহন কাজ, ভাড়ায় যানবাহন সংগ্রহ, পণ্য পরিবহনের জন্য পরিবহন ঠিকাদার নিয়োগ বা বীমা ঝুঁকি; বা**<br><br>**(ঙ) আউটসোর্সিং (out-sourcing) এর মাধ্যমে ক্রয়কারী কর্তৃক সেবা গ্রহণের লক্ষ্যে আইনের অধীন নির্দিষ্টকৃত কোন সেবা বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্দিষ্টকৃত কোন সেবা;**<br><br>**ব্যাখ্যা: এই বিধিতে উল্লিখিত আউটসোর্সিং (out-sourcing) বলিতে এর মাধ্যমে সেবা গ্রহণের বিষয়টি সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সময়ে সময়ে জারীকৃত বিধিমালা বা নীতিমালা বা অনুরূপ কোন নির্দেশনাকে বুঝাইবে।** |

| ক্র:নং: | অনুচ্ছেদ | বিদ্যমান শর্ত | সংশোধিত শর্ত |
|---|---|---|---|
| ৪) | উপ-অনুচ্ছেদ ১২.০৯<br><br>[দরপত্র / প্রস্তাব উন্মুক্তকরণ কমিটির ফি বা সম্মানী] | উন্মুক্তকরণ কমিটির কাজ সুষ্ঠুভাবে সম্পাদনে উৎসাহ প্রদানের **নিমিত্ত উহার** প্রত্যেক সদস্যকে নিম্নোক্তভাবে ফি বা সম্মানী প্রদান করা যাইবেঃ<br><br>১০ (দশ) কোটি টাকার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রেঃ<br>● সদস্য প্রতি ২০০০ (দুই হাজার) টাকা<br><br>১ (এক) কোটি টাকার উর্ধ্ব হইতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রেঃ<br>● সদস্য প্রতি ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা<br><br>১০ (দশ) লক্ষ টাকার উর্ধ্ব হইতে ১ (এক) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রেঃ<br>● সদস্য প্রতি ১০০০ (এক হাজার) টাকা<br><br>১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রেঃ<br>● সদস্য প্রতি ৫০০ (পাঁচশত) টাকা | উন্মুক্তকরণ কমিটির কাজ সুষ্ঠুভাবে সম্পাদনে উৎসাহ প্রদানের **নিমিত্ত "পিপিআর-২০০৮" ও উহার সংশোধনী অনুযায়ী উহার** প্রত্যেক সদস্যকে ফি বা সম্মানী প্রদান করা যাইবে। |
| ৫) | উপ-অনুচ্ছেদ ১৩.০৬<br><br>[মূল্যায়ন কমিটির ফি বা সম্মানী] | মূল্যায়ন কমিটির কাজ সুষ্ঠুভাবে সম্পাদনে উৎসাহ প্রদানের **নিমিত্ত উহার** প্রত্যেক সদস্যকে নিম্নোক্তভাবে ফি বা সম্মানী প্রদান করা যাইবেঃ<br><br>□ ১০ (দশ) কোটি টাকার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রেঃ<br>● **প্রতি সভার জন্য সদস্য প্রতি ৩,০০০ (তিন হাজার) টাকা, তবে সর্বোচ্চ ১২,০০০ (বার হাজার) টাকা;**<br><br>□ ১ (এক) কোটি টাকার উর্ধ্ব হইতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রেঃ<br>● **প্রতি সভার জন্য সদস্য প্রতি ২,০০০ (দুই হাজার) টাকা, তবে সর্বোচ্চ ৬,০০০ (ছয় হাজার) টাকা;**<br><br>□ ১০ (দশ) লক্ষ টাকার উর্ধ্ব হইতে ১ (এক) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রেঃ<br>● **প্রতি সভার জন্য সদস্য প্রতি ১,০০০ (এক হাজার) টাকা, তবে সর্বোচ্চ ৩,০০০ (তিন হাজার) টাকা;**<br><br>□ ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রেঃ<br>● **প্রতি সভার জন্য সদস্য প্রতি ৫০০ (পাঁচশত) টাকা তবে সর্বোচ্চ ১,৫০০ (এক হাজার পাঁচশত) টাকা;**<br><br>□ দুই পর্যায় বিশিষ্ট দরপত্র পদ্ধতি/এক পর্যায় বিশিষ্ট দুই খাম পদ্ধতির মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে পৃথক মূল্যায়ন বিবেচনা করিয়া উভয় পর্যায়ে/খাম মূল্যায়নে বর্ণিত হারে ফি বা সম্মানী প্রদান করিতে হইবে।<br><br>□ আগ্রহব্যক্তকরণের অনুরোধের মাধ্যমে পরামর্শক নিয়োগের ক্ষেত্রে পৃথক মূল্যায়ন বিবেচনা করিয়া আগ্রহব্যক্তকরণ মূল্যায়ন ও প্রস্তাব মূল্যায়ন উভয় পর্যায়ে বর্ণিত হারে ফি বা সম্মানী প্রদান করিতে হইবে। | মূল্যায়ন কমিটির কাজ সুষ্ঠুভাবে সম্পাদনে উৎসাহ প্রদানের **নিমিত্ত "পিপিআর-২০০৮" ও উহার সংশোধনী অনুযায়ী উহার অনুযায়ী উহার** প্রত্যেক সদস্যকে ফি বা সম্মানী প্রদান করা যাইবে।<br><br>□ দুই পর্যায় বিশিষ্ট দরপত্র পদ্ধতি/এক পর্যায় বিশিষ্ট দুই খাম পদ্ধতির মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে পৃথক মূল্যায়ন বিবেচনা করিয়া উভয় পর্যায়ে/খাম মূল্যায়নে বর্ণিত হারে ফি বা সম্মানী প্রদান করিতে হইবে।<br><br>□ আগ্রহব্যক্তকরণের অনুরোধের মাধ্যমে পরামর্শক নিয়োগের ক্ষেত্রে পৃথক মূল্যায়ন বিবেচনা করিয়া আগ্রহব্যক্তকরণ মূল্যায়ন ও প্রস্তাব মূল্যায়ন উভয় পর্যায়ে বর্ণিত হারে ফি বা সম্মানী প্রদান করিতে হইবে। |

| ক্র:নং: | অনুচ্ছেদ | বিদ্যমান শর্ত | সংশোধিত শর্ত |
|---|---|---|---|
| ৬) | উপ-অনুচ্ছেদ ১৩.১২<br><br>[কারিগরি সাব-কমিটির ফি বা সম্মানী] | কারিগরি সাব-কমিটির কাজ সুষ্ঠুভাবে সম্পাদনে উৎসাহ প্রদানের **নিমিত্ত উহার** প্রত্যেক সদস্যকে নিম্নোক্তভাবে ফি বা সম্মানী প্রদান করা যাইবে।<br><br> ১০ (দশ) কোটি টাকার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রেঃ<br>• **প্রতি সভার জন্য সদস্য প্রতি ৩,০০০ (তিন হাজার) টাকা, তবে সর্বোচ্চ ৬,০০০ (ছয় হাজার) টাকা;**<br><br> ১ (এক) কোটি টাকার উর্ধ্ব হইতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রেঃ<br>• **প্রতি সভার জন্য সদস্য প্রতি ২,০০০ (দুই হাজার) টাকা, তবে সর্বোচ্চ ৪,০০০ (চার হাজার) টাকা;**<br><br> ১০ (দশ) লক্ষ টাকার উর্ধ্ব হইতে ১ (এক) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রেঃ<br>• **প্রতি সভার জন্য সদস্য প্রতি ১,০০০ (এক হাজার) টাকা, তবে সর্বোচ্চ ২,০০০ (দুই হাজার) টাকা;**<br><br> ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রেঃ<br>• **প্রতি সভার জন্য সদস্য প্রতি ৫০০ (পাঁচশত) টাকা তবে সর্বোচ্চ ১,০০০ (এক হাজার) টাকা;** | কারিগরি সাব-কমিটির কাজ সুষ্ঠুভাবে সম্পাদনে উৎসাহ প্রদানের **নিমিত্ত "পিপিআর-২০০৮" ও উহার সংশোধনী অনুযায়ী উহার অনুযায়ী উহার** প্রত্যেক সদস্যকে ফি বা সম্মানী প্রদান করা যাইবে। |
| ৭) | উপ-অনুচ্ছেদ ২১.০১<br><br>[কার্য-সম্পাদন জামানত] | কৃতকার্য দরপত্রদাতাকে নিম্নবর্ণিত হার অনুসরণক্রমে দরপত্র উপাত্ত শীট (tender data sheet) এ নির্দিষ্টকৃত পরিমাণের কার্য-সম্পাদন জামানত প্রদান করিতে হইবে।<br><br>ক) বিভাজ্য পণ্যের (divisible commodities) ক্ষেত্রে চুক্তিমূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ);<br><br>খ) পণ্য ও সংশ্লিষ্ট সেবার ক্ষেত্রে চুক্তিমূল্যের ১০% (শতকরা দশ ভাগ);<br><br>গ) কার্যের ক্ষেত্রে চুক্তিমূল্যের ১০% (শতকরা দশ ভাগ), যদি অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা থাকে;<br><br>ঘ) কার্যের ক্ষেত্রে চুক্তিমূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ) হইতে ১০% (শতকরা দশ ভাগ), যদি অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা না থাকে।<br><br>ঙ) ভৌত সেবার ক্ষেত্রে চুক্তিমূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ) হইতে ১০% (শতকরা দশ ভাগ);<br><br>চ) পণ্য পরিবহনের ক্ষেত্রে চুক্তি মূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ) এবং পরিবহনযোগ্য পণ্যমূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ);<br><br>ছ) সীমিত দরপত্রের ক্ষেত্রে চুক্তিমূল্যের ৩% (শতকরা তিন ভাগ) হইতে ৫% (শতকরা পাঁচ ভাগ); | কৃতকার্য দরপত্রদাতাকে নিম্নবর্ণিত হার অনুসরণক্রমে দরপত্র উপাত্ত শীট (tender data sheet) এ নির্দিষ্টকৃত পরিমাণের কার্য-সম্পাদন জামানত প্রদান করিতে হইবে।<br><br>ক) বিভাজ্য পণ্যের (divisible commodities) ক্ষেত্রে চুক্তিমূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ);<br><br>খ) পণ্য ও সংশ্লিষ্ট সেবার ক্ষেত্রে চুক্তিমূল্যের ১০% (শতকরা দশ ভাগ);<br><br>গ) কার্যের ক্ষেত্রে চুক্তিমূল্যের ১০% (শতকরা দশ ভাগ), যদি অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা থাকে;<br><br>ঘ) কার্যের ক্ষেত্রে চুক্তিমূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ) হইতে ১০% (শতকরা দশ ভাগ), যদি অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা না থাকে।<br><br>ঙ) ভৌত সেবার ক্ষেত্রে চুক্তিমূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ) হইতে ১০% (শতকরা দশ ভাগ);<br><br>চ) পণ্য পরিবহনের ক্ষেত্রে চুক্তি মূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ) এবং পরিবহনযোগ্য পণ্যমূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ);<br><br>ছ) সীমিত দরপত্রের ক্ষেত্রে চুক্তিমূল্যের ৩% (শতকরা তিন ভাগ) হইতে ৫% (শতকরা পাঁচ ভাগ); |

| ক্র:নং: | অনুচ্ছেদ | বিদ্যমান শর্ত | সংশোধিত শর্ত |
|---|---|---|---|
| | | জ) সরকারী, স্বায়ত্তশাসিত, বা আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হইতে পণ্য ক্রয়ের ক্ষেত্রে কার্য সম্পাদন জামানত গ্রহণের প্রয়োজন নাই। কিন্তু নিরাপত্তা জামানত হিসাবে পরিশোধযোগ্য বিল থেকে ১০% (শতকরা দশ ভাগ) কর্তন করা যাইতে পারে।<br><br>**ঝ) নাই।**<br><br>**ঞ) নাই।** | জ) সরকারী, স্বায়ত্তশাসিত, বা আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হইতে পণ্য ক্রয়ের ক্ষেত্রে কার্য সম্পাদন জামানত গ্রহণের প্রয়োজন নাই। কিন্তু নিরাপত্তা জামানত হিসাবে পরিশোধযোগ্য বিল থেকে ১০% (শতকরা দশ ভাগ) কর্তন করা যাইতে পারে।<br><br>**ঝ) পরামর্শক প্রতিষ্ঠান হইতে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ে, ক্রয়কারী চুক্তিমূল্যের সর্বাধিক ৩%-৫% (শতকরা তিন ভাগ হইতে পাঁচ ভাগ) হারে, প্রয়োজন ও বাস্তবতার নিরিখে কার্য-সম্পাদন জামানত নির্ধারণক্রমে প্রস্তাব দলিলে উল্লিখিত নির্দিষ্ট হারে কার্য-সম্পাদন জামানত আরোপ করিতে পারিবে। তবে, বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ে ব্যক্তি পরামর্শকের উপর কার্য-সম্পাদন জামানত আরোপ করা যাইবে না ; এবং একক উৎস ভিত্তিক পরামর্শক নির্বাচন পদ্ধতি (SSS)-তে সরকারী, স্বায়ত্তশাসিত বা সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠান, সংস্থা, কোম্পানী, ট্রাষ্টি হইতে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ে কার্য-সম্পাদন জামানত প্রদান বাধ্যতামূলক হইবে না।**<br><br>**ঞ) মূল প্রস্তুতকারী বা উহার একমাত্র এজেন্ট এর নিকট হইতে যন্ত্রাংশ সরাসরি ক্রয়ের ক্ষেত্রে কার্য-সম্পাদন জামানত প্রদান বাধ্যতামূলক হইবে না।** |
| ৮) | উপ-অনুচ্ছেদ ৩০.০১<br><br>[কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি] | ক্রয়কারী বাজারে বিদ্যমান প্রমিত মানের স্বল্প মূল্যের সহজলভ্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা, এবং স্বল্পমূল্যের সাধারণ কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে নিম্নলিখিত মূল্যসীমা অতিক্রম না করা সাপেক্ষে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি প্রয়োগ করিতে পারিবেঃ<br><br>**রাজস্ব ও উন্নয়ন বাজেটের অধীন ক্রয়ের ক্ষেত্রেঃ**<br><br>➢ পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা; **তবে বৎসরে সর্বোচ্চ ২৫ (পঁচিশ) লক্ষ টাকা।**<br><br>➢ কার্য ও ভৌত সেবা ক্রয়ের জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ১০ (দশ) লক্ষ টাকা; তবে বৎসরে **সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা।** | ক্রয়কারী বাজারে বিদ্যমান প্রমিত মানের স্বল্প মূল্যের সহজলভ্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা, এবং স্বল্পমূল্যের সাধারণ কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে নিম্নলিখিত মূল্যসীমা অতিক্রম না করা সাপেক্ষে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি প্রয়োগ করিতে পারিবেঃ<br><br>**রাজস্ব ও উন্নয়ন বাজেটের অধীন ক্রয়ের ক্ষেত্রেঃ**<br><br>➢ পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা; **তবে বৎসরে সর্বোচ্চ ৩৫ (পঁয়ত্রিশ) লক্ষ টাকা।**<br><br>➢ কার্য ও ভৌত সেবা ক্রয়ের জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ১০ (দশ) লক্ষ টাকা; তবে বৎসরে **সর্বোচ্চ ৬০ (ষাট) লক্ষ টাকা।** |

| **ক্র:নং:** | **অনুচ্ছেদ** | **বিদ্যমান শর্ত** | **সংশোধিত শর্ত** |
|---|---|---|---|
| ৯) | উপ-অনুচ্ছেদ ৩১.০৪<br><br>[সরাসরি ক্রয় পদ্ধতি] | ব্যতিক্রমী ক্ষেত্রে, কোন মূল চুক্তির ব্যাপ্তি মোতাবেক কাজ জরুরী ভিত্তিতে সমাপ্ত করা আবশ্যক হইলে, নিম্নোক্তভাবে ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশ বা পুনরাবৃত্ত ক্রয়াদেশ অথবা অতিরিক্ত পণ্য সরবরাহের আদেশ প্রদান করা যাইবেঃ<br><br>ক) মূল চুক্তি মূল্যের ১৫% (শতকরা পনের ভাগ) পর্যন্ত মূল্যসীমার ক্ষেত্রে মূল চুক্তি সম্পাদনের অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে; তবে ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশ বা পুনরাবৃত্ত ক্রয়াদেশ অথবা অতিরিক্ত পণ্য সরবরাহের মূল্যসহ মোট চুক্তিমূল্য আর্থিক ক্ষমতা অর্পণ মোতাবেক সংশ্লিষ্ট অনুমোদনকারী কর্তৃপক্ষের ক্ষমতা বহির্ভূত হইলে পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে ।<br><br>খ) **মূল চুক্তি মূল্যের ১৫% (শতকরা পনের ভাগ) এর অধিক মূল্যসীমার ক্ষেত্রে বোর্ডের অনুমোদনক্রমে।** | ব্যতিক্রমী ক্ষেত্রে, কোন মূল চুক্তির ব্যাপ্তি মোতাবেক কাজ জরুরী ভিত্তিতে সমাপ্ত করা আবশ্যক হইলে, নিম্নোক্তভাবে ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশ বা পুনরাবৃত্ত ক্রয়াদেশ অথবা অতিরিক্ত পণ্য সরবরাহের আদেশ প্রদান করা যাইবেঃ<br><br>ক) মূল চুক্তি মূল্যের ১৫% (শতকরা পনের ভাগ) পর্যন্ত মূল্যসীমার ক্ষেত্রে মূল চুক্তি সম্পাদনের অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে; তবে ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশ বা পুনরাবৃত্ত ক্রয়াদেশ অথবা অতিরিক্ত পণ্য সরবরাহের মূল্যসহ মোট চুক্তিমূল্য আর্থিক ক্ষমতা অর্পণ মোতাবেক সংশ্লিষ্ট অনুমোদনকারী কর্তৃপক্ষের ক্ষমতা বহির্ভূত হইলে পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে ।<br><br>খ) **মূল চুক্তি মূল্যের ১৫% (শতকরা পনের ভাগ) এর অধিক হতে সর্বোচ্চ ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) মূল্যসীমার ক্ষেত্রে যে অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক মূল চুক্তি সম্পাদনের অনুমোদন প্রদান করা হয়েছিল, উহার পরবর্তী উচ্চতর পর্যায়ের কর্তৃপক্ষের অনুমোদনক্রমে । তবে যদি মূল চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ বোর্ড হয়, তাহলে এক্ষেত্রে মূল চুক্তি মূল্যের সর্বোচ্চ ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) মূল্যসীমা পর্যন্ত বোর্ড এর অনুমোদন গ্রহণ করিতে হইবে ।** |
| ১০) | অনুচ্ছেদ ৩১.০৫<br><br>[সরাসরি ক্রয় চুক্তির ধরন] | **সরাসরি ক্রয় চুক্তির ধরনঃ** প্রসঙ্গের পরিপন্থি না হওয়া সাপেক্ষে, নিম্নবর্ণিত যে কোন ক্ষেত্রে সরাসরি ক্রয় পদ্ধতি প্রয়োগ করা যাইতে পারে-<br><br>ক) সরাসরি চুক্তি (direct contracting)<br>খ) অতিরিক্ত সরবরাহ এবং পুনরাবৃত্ত ক্রয়াদেশ (additional deliveries and repeat orders);<br>গ) ভেরিয়েশন অর্ডার (Variation Orders);<br>ঘ) অতিরিক্ত কার্যাদেশ (extra work order);<br>ঙ) সরাসরি নগদ ক্রয় (direct cash purchase); | **সরাসরি ক্রয় চুক্তির ধরনঃ** প্রসঙ্গের পরিপন্থি না হওয়া সাপেক্ষে, নিম্নবর্ণিত যে কোন ক্ষেত্রে সরাসরি ক্রয় পদ্ধতি প্রয়োগ করা যাইতে পারে-<br><br>ক) সরাসরি চুক্তি (direct contracting)<br>খ) অতিরিক্ত সরবরাহ এবং পুনরাবৃত্ত ক্রয়াদেশ (additional deliveries and repeat orders);<br>গ) ভেরিয়েশন অর্ডার (Variation Orders);<br>ঘ) অতিরিক্ত কার্যাদেশ (extra work order);<br>ঙ) সরাসরি নগদ ক্রয় (direct cash purchase);<br>**চ) ফোর্স একাউন্ট (Force Account)**<br><br>**অনুচ্ছেদ ৩১.০৫ (চ):**<br><br>**(১) বাৎসরিক মোট অনধিক ৩ (তিন) লক্ষ টাকা মূল্যসীমার মধ্যে ব্যয় সীমিত থাকা সাপেক্ষে, কোম্পানির প্রয়োজনে মজুরীর বিনিময়ে সরাসরি শ্রমিক নিয়োগের ক্ষেত্রে Force Account প্রয়োগ করা যাইতে পারে ।**<br><br>**(২) ফোর্স একাউন্ট এর অধীন কার্য সম্পাদনের লক্ষ্যে উপকরণ ও যন্ত্রপাতি ক্রয় এবং অতিরিক্ত সরঞ্জামাদি ভাড়া করিবার ক্ষেত্রে অন্যান্য ক্রয়পদ্ধতি যথা- কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি বা অনুচ্ছেদ- ৩২ এর অধীন সরাসরি চুক্তি পদ্ধতি ব্যবহার করা যাইতে পারে ।** |

| ক্র:নং: | অনুচ্ছেদ | বিদ্যমান শর্ত | সংশোধিত শর্ত |
|---|---|---|---|
| ১১) | উপ-অনুচ্ছেদ ৩১.০৮<br><br>[সরাসরি ক্রয় পদ্ধতি] | সরাসরি ক্রয়ের ক্ষেত্রে দরপত্র জামানতের প্রয়োজন নাই, তবে সরবরাহকারী বা ঠিকাদারের নিকট হইতে, **অনুচ্ছেদ ৩৭ এর অধীন** ক্রয়ের ক্ষেত্র ব্যতীত, কার্য সম্পাদন জামানত গ্রহণ করিতে হইবে। | সরাসরি ক্রয়ের ক্ষেত্রে দরপত্র জামানতের প্রয়োজন নাই, তবে সরবরাহকারী বা ঠিকাদারের নিকট হইতে, **অনুচ্ছেদ ৩৭, উপ-অনুচ্ছেদ ২১.০১ (ঞ) ও উপ-অনুচ্ছেদ ৩১.০৫ (চ) এর অধীন** ক্রয়ের ক্ষেত্র ব্যতীত, কার্য সম্পাদন জামানত গ্রহণ করিতে হইবে। |
| ১২) | উপ-অনুচ্ছেদ ৩২.০১.০৯<br><br>[সরাসরি চুক্তির প্রয়োগ] | প্রাকৃতিক দুর্যোগ হইতে উদ্ভূত কোন জরুরী পরিস্থিতি **বা অনুরূপ সংকট** মোকাবেলায় নিম্নবর্ণিত মূল্যসীমার মধ্যে পণ্য, কার্য এবং সেবা ক্রয় করা হইলেঃ<br><br>➢ প্রতিটি ক্ষেত্রে অনধিক ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা; তবে বৎসরে সর্বোচ্চ ৫ (পাঁচ) কোটি টাকা; বা | প্রাকৃতিক দুর্যোগ হইতে উদ্ভূত কোন জরুরী পরিস্থিতি **বা অনুরূপ সংকট [যথাঃ Grid Failure, Plant Failure ইত্যাদির কারণে Plant Shutdown আছে - এরূপ সংকট মোকাবেলায় বিদ্যুৎ কেন্দ্র সচল করার জন্য জরুরী মেরামতের উদ্দেশ্যে]** মোকাবেলায় নিম্নবর্ণিত মূল্যসীমার মধ্যে পণ্য, কার্য এবং সেবা ক্রয় করা হইলেঃ<br><br>➢ প্রতিটি ক্ষেত্রে অনধিক ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা; তবে বৎসরে সর্বোচ্চ ৫ (পাঁচ) কোটি টাকা; বা |
| ১৩) | উপ-অনুচ্ছেদ ৩২.০১.১১<br><br>[সরাসরি চুক্তির প্রয়োগ] | নিম্নবর্ণিত মূল্যসীমার অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয় (যথা: ক্যাটারিং সেবা, অ্যামবুলেন্স সেবা, পরিবহণ সেবা, অনুষ্ঠান ব্যবস্থাপনা, মেরামত বা রক্ষণাবেক্ষণ কাজ, প্ল্যামবিং সেবা, কাঠের কাজ সংক্রান্ত সেবা, স্থাপত্য সেবা, ইত্যাদি)<br><br>➢ প্রতিটি ক্ষেত্রে **অনধিক ১ (এক) লক্ষ টাকা**; তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদনক্রমে সর্বোচ্চ ৫ (পাঁচ) লক্ষ টাকা। | নিম্নবর্ণিত মূল্যসীমার অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয় (যথা: ক্যাটারিং সেবা, অ্যামবুলেন্স সেবা, পরিবহণ সেবা, অনুষ্ঠান ব্যবস্থাপনা, মেরামত বা রক্ষণাবেক্ষণ কাজ, প্ল্যামবিং সেবা, কাঠের কাজ সংক্রান্ত সেবা, স্থাপত্য সেবা, ইত্যাদি)<br><br>➢ প্রতিটি ক্ষেত্রে **অনধিক ২ (দুই) লক্ষ টাকা**; তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদনক্রমে সর্বোচ্চ ৫ (পাঁচ) লক্ষ টাকা। |
| ১৪) | উপ-অনুচ্ছেদ ৩৭.০১<br><br>[সরাসরি নগদ ক্রয়] | ক্রয়কারী, নিম্নবর্ণিত মূল্য ও বাৎসরিক মোট ব্যয় সীমার মধ্যে স্বল্প মূল্যের পণ্য এবং জরুরী ও আবশ্যকীয় সেবা (যেমন- রক্ষণাবেক্ষণ, মেরামত, পরিবহণ এবং অন্যান্য সেবা, ইত্যাদি) সরাসরি ক্রয় করিতে পারিবেঃ<br><br>➢ প্রতি ক্রয়ের ক্ষেত্রে **অনধিক ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা**, কিন্তু বৎসরে **অনধিক ১০ (দশ) লক্ষ টাকা** । | ক্রয়কারী, নিম্নবর্ণিত মূল্য ও বাৎসরিক মোট ব্যয় সীমার মধ্যে স্বল্প মূল্যের পণ্য এবং জরুরী ও আবশ্যকীয় সেবা (যেমন- রক্ষণাবেক্ষণ, মেরামত, পরিবহণ এবং অন্যান্য সেবা, ইত্যাদি) সরাসরি ক্রয় করিতে পারিবেঃ<br><br>➢ প্রতি ক্রয়ের ক্ষেত্রে **অনধিক ৭৫,০০০ (পঁচাত্তর হাজার) টাকা**, কিন্তু বৎসরে **অনধিক ১৫ (পনের) লক্ষ টাকা** । |
| ১৫) | উপ-অনুচ্ছেদ ৪৫.০৩.০৩<br><br>[নিম্নতম ব্যয়-ভিত্তিক নির্বাচন পদ্ধতি] | **নিম্নতম ব্যয়-ভিত্তিক নির্বাচন পদ্ধতি:** নিরীক্ষা, স্থাপত্য এবং প্রকৌশলগত ডিজাইন ইত্যাদির ন্যায় প্রমিত অথবা রুটিন ধরনের কাজ, যে ক্ষেত্রে প্রতিষ্ঠিত রীতি (established practices) ও মান বিদ্যমান **রহিয়াছে, সেইক্ষেত্রে** পরামর্শক নির্বাচনের জন্য নিম্নতম ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতি যথাযথ হইবে। | **নিম্নতম ব্যয়-ভিত্তিক নির্বাচন পদ্ধতি:** নিরীক্ষা, স্থাপত্য এবং প্রকৌশলগত ডিজাইন ইত্যাদির ন্যায় প্রমিত অথবা রুটিন ধরনের কাজ, যে ক্ষেত্রে প্রতিষ্ঠিত রীতি (established practices) ও মান বিদ্যমান **রহিয়াছে এবং চুক্তিমূল্য অনধিক ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা, সেইক্ষেত্রে** পরামর্শক নির্বাচনের জন্য নিম্নতম ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতি যথাযথ হইবে। |

| ক্র:নং: | অনুচ্ছেদ | বিদ্যমান শর্ত | সংশোধিত শর্ত |
|---|---|---|---|
| ১৬) | উপ-অনুচ্ছেদ ৪৫.০৩.০৫<br><br>[একক উৎস ভিত্তিক পরামর্শক (ব্যক্তি বা প্রতিষ্ঠান) নির্বাচন পদ্ধতি] | **একক উৎস ভিত্তিক পরামর্শক (ব্যক্তি বা প্রতিষ্ঠান) নির্বাচন পদ্ধতি:** কেবল যখন প্রতিযোগিতার তুলনায় এই পদ্ধতি স্পষ্টতঃ অধিক সুবিধা প্রদান করে, তখনই ইহার প্রয়োগ যথার্থ হইবেঃ<br><br>ক) যেখানে দ্রুত নির্বাচন অত্যাবশ্যক (যেমন- কোন জরুরী প্রয়োজনের ক্ষেত্রে);<br><br>**খ) ক্ষুদ্র ব্যাপ্তির কাজের ক্ষেত্রে;**<br><br>গ) যখন একক কোন ব্যক্তি (individual) বা একটি মাত্র প্রতিষ্ঠান (firm) যোগ্যতায় উত্তীর্ণ বা সংশ্লিষ্ট কাজের বিরল/বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ;<br><br>ঘ) সরকারী, স্বায়ত্বশাসিত বা সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠান, সংস্থা, কোম্পানী, **ট্রাষ্টি ইত্যাদি** হইতে সেবা ক্রয়ের ক্ষেত্রে; বা এবং<br><br>ঙ) কোন পরামর্শক কর্তৃক ইতঃপূর্বে সম্পাদিত কাজের স্বাভাবিক ধারাবাহিকতায় আবশ্যক কাজের ক্ষেত্রেও এই পদ্ধতি যথার্থ হইতে পারে। | **একক উৎস ভিত্তিক পরামর্শক (ব্যক্তি বা প্রতিষ্ঠান) নির্বাচন পদ্ধতি:** কেবল যখন প্রতিযোগিতার তুলনায় এই পদ্ধতি স্পষ্টতঃ অধিক সুবিধা প্রদান করে, তখনই ইহার প্রয়োগ যথার্থ হইবেঃ<br><br>ক) যেখানে দ্রুত নির্বাচন অত্যাবশ্যক (যেমন-কোন জরুরী প্রয়োজনের ক্ষেত্রে);<br><br>**খ) নিম্নবর্ণিত মুল্যসীমার মধ্যে ক্ষুদ্র ব্যাপ্তির কাজের ক্ষেত্রে;**<br>➢ **পরামর্শক প্রতিষ্ঠানের (firm) জন্য সর্বাধিক ২০ (বিশ) লক্ষ টাকা;**<br>➢ **ব্যক্তি পরামর্শকের (individual) জন্য সর্বাধিক ১০ (দশ) লক্ষ টাকা;**<br><br>গ) যখন একক কোন ব্যক্তি (individual) বা একটি মাত্র প্রতিষ্ঠান (firm) যোগ্যতায় উত্তীর্ণ বা সংশ্লিষ্ট কাজের বিরল/বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ;<br><br>ঘ) সরকারী, স্বায়ত্বশাসিত বা সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠান, সংস্থা, কোম্পানী, **ট্রাষ্টি (যথা: BUET, BIDS, BPATC, BIM, BIAM, ESCB, IIFC, TICI, BITAC, BSTI, BPMI, MIST, DUET, CEGIS ইত্যাদি)** হইতে সেবা ক্রয়ের ক্ষেত্রে; বা এবং<br><br>ঙ) কোন পরামর্শক কর্তৃক ইতঃপূর্বে সম্পাদিত কাজের স্বাভাবিক ধারাবাহিকতায় আবশ্যক কাজের ক্ষেত্রেও এই পদ্ধতি যথার্থ হইতে পারে। |
| ১৭) | উপ-অনুচ্ছেদ ৪৫.০৫<br><br>[বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা ক্রয় পদ্ধতি এবং ইহার প্রয়োগ] | **নাই** | **ব্যতিক্রমী ক্ষেত্রে, কোন পরামর্শক সেবা চুক্তির ক্ষেত্রে মুল চুক্তির ব্যাপ্তি মোতাবেক সেবা জরুরী ভিত্তিতে সমাপ্ত করা আবশ্যক হইলে, নিম্নোক্তভাবে ভেরিয়েশন অর্ডার প্রদান করা যাইবেঃ**<br><br>**ক) মুল চুক্তি মুল্যের ১৫% (শতকরা পনের ভাগ) পর্যন্ত মুল্যসীমার ক্ষেত্রে মুল চুক্তি সম্পাদনের অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে; তবে ভেরিয়েশন অর্ডার এর মুল্যসহ মোট চুক্তিমুল্য আর্থিক ক্ষমতা অর্পণ মোতাবেক সংশ্লিষ্ট অনুমোদনকারী কর্তৃপক্ষের ক্ষমতা বহির্ভূত হইলে পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে।**<br><br>**খ) মুল চুক্তি মুল্যের ১৫% (শতকরা পনের ভাগ) এর অধিক হতে সর্বোচ্চ ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) মুল্যসীমার ক্ষেত্রে যে অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক মুল চুক্তি সম্পাদনের অনুমোদন প্রদান করা হয়েছিল, উহার পরবর্তী উচ্চতর পর্যায়ের কর্তৃপক্ষের অনুমোদনক্রমে । তবে যদি মুল চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ বোর্ড হয়, তাহলে এক্ষেত্রে মুল চুক্তি মুল্যের সর্বোচ্চ ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) মুল্যসীমা পর্যন্ত বোর্ড এর অনুমোদন গ্রহণ করিতে হইবে ।** |

| ক্র:নং: | অনুচ্ছেদ | বিদ্যমান শর্ত | সংশোধিত শর্ত |
|---|---|---|---|
| ১৮) | উপ-অনুচ্ছেদ ৫২.০৭<br><br>[ব্যক্তিভিত্তিক পরামর্শক নির্বাচন] | এই অনুচ্ছেদ এ যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত পরিস্থিতিতে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদন সাপেক্ষে আগ্রহব্যক্তকরণপত্র আহ্বান ব্যাতিরেকে ব্যক্তিভিত্তিক পরামর্শক নিয়োগ করা যাইবে, যথা-<br><br>ক) যদি কার্যটি পূর্ব কাজের ধারাবাহিকতায় হয়;<br><br>খ) যদি কাজের সময় ৬ (ছয়) মাসের কম হয়;<br><br>গ) প্রাকৃতিক দূর্যোগের কারণে জরুরী ভিত্তিতে সম্পাদনের প্রয়োজন হয়; এবং<br><br>ঘ) যে কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তিই একমাত্র যোগ্য পরামর্শক বিবেচিত হয়। | এই অনুচ্ছেদ এ যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত পরিস্থিতিতে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদন সাপেক্ষে আগ্রহব্যক্তকরণপত্র আহ্বান ব্যাতিরেকে ব্যক্তিভিত্তিক পরামর্শক নিয়োগ করা যাইবে, যথা-<br><br>ক) যদি কার্যটি পূর্ব কাজের ধারাবাহিকতায় হয়; **বা**<br><br>খ) যদি কাজের সময় ৬ (ছয়) মাসের কম হয়; **বা**<br><br>গ) প্রাকৃতিক দূর্যোগের কারণে জরুরী ভিত্তিতে সম্পাদনের প্রয়োজন হয়; **বা**<br><br>ঘ) যে কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তিই একমাত্র যোগ্য পরামর্শক বিবেচিত হয়। |
| ১৯) | উপ-অনুচ্ছেদ ৫২.০৮<br><br>[ব্যক্তিভিত্তিক পরামর্শক নির্বাচন] | **উপ-অনুচ্ছেদ (৫২.০৭) অনুযায়ী [৫২.০৭ (ঘ) ব্যাতীত]** পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আগ্রহী পরামর্শকগণের মধ্য হইতে অন্যূন ৩ (তিন) জনের জীবন-বৃত্তান্ত সংগ্রহপূর্বক তাহাদের শিক্ষাগত যোগ্যতা ও কর্ম-অভিজ্ঞতা বিবেচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে। | তবে শর্ত থাকে যে, **উপ-অনুচ্ছেদ (৫২.০৭) (খ) ও (গ) এ উল্লিখিত কাজে** পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আগ্রহী পরামর্শকগণের মধ্য হইতে অন্যূন ৩ (তিন) জনের জীবন-বৃত্তান্ত সংগ্রহপূর্বক তাহাদের শিক্ষাগত যোগ্যতা ও কর্ম-অভিজ্ঞতা বিবেচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে। |
| ২০) | উপ-অনুচ্ছেদ ৬৫.০২<br><br>[চুক্তি স্বাক্ষর] | ক্রয়কারী, চুক্তি স্বাক্ষরের অনুমোদন প্রাপ্তির পর, এবং অনুচ্ছেদ ৭৪ এর অধীন কোন অভিযোগ দায়ের করা না হইয়া থাকিলে বা বিবেচনাধীন না থাকিলে, কৃতকার্য পরামর্শককে চুক্তি স্বাক্ষরের জন্য আমন্ত্রণ জানাইবে। | ক্রয়কারী, চুক্তি স্বাক্ষরের অনুমোদন প্রাপ্তির পর, এবং অনুচ্ছেদ ৭৪ এর অধীন কোন অভিযোগ দায়ের করা না হইয়া থাকিলে বা বিবেচনাধীন না থাকিলে, কৃতকার্য পরামর্শককে চুক্তি স্বাক্ষরের জন্য আমন্ত্রণ জানাইবে।<br><br>**তবে শর্ত থাকে যে, উক্ত পরামর্শক আমন্ত্রণ প্রাপ্তির পর, প্রযোজ্য ক্ষেত্রে, ক্রয়কারীর অনুকূলে উপ-অনুচ্ছেদ ২১.০১ (ঝ) অনুসারে জামানত প্রদানপূর্বক, প্রস্তাব দলিলে নির্দিষ্টকৃত চুক্তিপত্রের ছকে স্বাক্ষর করিবেন।** |
| ২১) | উপ-অনুচ্ছেদ ৬৫.০৪<br><br>[চুক্তি স্বাক্ষর] | **চুক্তি সম্পাদন নোটিশ প্রাপ্ত পরামর্শককে কোনরূপ কার্যসম্পাদন জামানত প্রদান করিতে হইবে না।** | **ব্যক্তি পরামর্শককে কার্য-সম্পাদন জামানত দাখিল করিতে হইবে না ;** |
| ২২) | উপ-অনুচ্ছেদ ৬৮.০৮<br><br>[পণ্য চুক্তি ব্যবস্থাপনা] | **নাই** | **যদি ক্ষতিপূরণের কোন ঘটনা ঘটে বা পণ্যের অতিরিক্ত সরবরাহ এবং পুনরাবৃত্ত ক্রয়াদেশ বা ভেরিয়েশন অর্ডার জারী করা হয়, যাহার দরুণ সরবরাহকারী কর্তৃক অতিরিক্ত ব্যয় নির্বাহ ব্যতিরেকে প্রত্যাশিত সরবরাহ সমাপ্তির তারিখের মধ্যে সরবরাহ সমাপ্ত করা সম্ভব না হয়, সেইক্ষেত্রে ক্রয়কারী নিম্নে বর্ণিত শতকরা হারের ভিত্তিতে প্রত্যাশিত সরবরাহ সমাপ্তির তারিখ সম্প্রসারিত করিবে।**<br><br>➢ **সরবরাহ সমাপ্তির মূল সময়সীমার ২০% (শতকরা বিশ ভাগ) পর্যন্ত;**<br><br>➢ **সরবরাহ সমাপ্তির মূল সময়সীমার ২০% (শতকরা বিশ ভাগ) এর অধিক হইলে ক্রয়কারী কার্যালয় প্রধানের অনুমোদন প্রয়োজন হইবে।** |

| ক্র:নং: | অনুচ্ছেদ | বিদ্যমান শর্ত | সংশোধিত শর্ত |
|---|---|---|---|
| ২৩) | উপ-অনুচ্ছেদ ৬৯.০২<br><br>[পরামর্শক সেবা সংক্রান্ত চুক্তি ব্যবস্থাপনা] | **নাই** | **যদি ক্ষতিপুরণের কোন ঘটনা ঘটে বা ভেরিয়েশন অর্ডার জারী করা হয়, যাহার দরুণ পরামর্শক কর্তৃক অতিরিক্ত ব্যয় নির্বাহ ব্যতিরেকে প্রত্যাশিত সেবা সমাপ্তির তারিখের মধ্যে সেবা সমাপ্ত করা সম্ভব না হয়, সেইক্ষেত্রে ক্রয়কারী নিম্নে বর্ণিত শতকরা হারের ভিত্তিতে প্রত্যাশিত সেবা সমাপ্তির তারিখ সম্প্রসারিত করিবে।**<br><br>➢ **সেবা সমাপ্তির মূল সময়সীমার ২০% (শতকরা বিশ ভাগ) পর্যন্ত;**<br><br>➢ **সেবা সমাপ্তির মূল সময়সীমার ২০% (শতকরা বিশ ভাগ) এর অধিক হইলে ক্রয়কারী কার্যালয় প্রধানের অনুমোদন প্রয়োজন হইবে।** |
| ২৪) | দশম অধ্যায়<br><br>[পেশাগত অসদাচরণ, অপরাধ, চুক্তি বাতিল, ইত্যাদি] | **নাই** | **"দশম অধ্যায়: পেশাগত অসদাচরণ, অপরাধ, চুক্তি বাতিল, ইত্যাদি"** – টি অন্তর্ভূক্ত করা হয়েছে (সংযোজনী -০১) । |
| ২৫) | পরিশিষ্ট- ৮<br><br>[ফ্লো-চার্ট: সরাসরি ক্রয় পদ্ধতি] | পরিশিষ্ট-৮<br>ফ্লো-চার্ট: সরাসরি ক্রয় পদ্ধতি<br><br>Tender Preparation:<br><br>➢ Prepare detail **specification of** the object of Procurement and identify sole Contractor or Supplier.<br><br>➢ Conditions of **Para-32** prevalent.<br><br>➢ Issue Notification of Award **(NOA) for** procurement of the Object. | পরিশিষ্ট-৮<br>ফ্লো-চার্ট **[সংশোধিত]:** সরাসরি ক্রয় পদ্ধতি (সংযোজনী -০২)<br><br>সংশোধিত ফ্লো-চার্ট – এ যেসব অংশে সংশোধন করা হয়েছে, তা নিম্নে দেখানো হলো:<br><br>Tender Preparation:<br><br>➢ Prepare detail **specification and an Official cost estimate of** the object of Procurement and identify sole Contractor or Supplier.<br><br>➢ Conditions of **Para-32.01.11** prevalent.<br><br>➢ Issue Notification of Award **(NOA) or Purchase Order or Work Order for** procurement of the Object. |

**সংযোজনী-০১**

## দশম অধ্যায়

## পেশাগত অসদাচরণ, অপরাধ, চুক্তি বাতিল, ইত্যাদি

### ৭৮। পেশাগত অসদাচরণ, অপরাধ, চুক্তি বাতিল, ইত্যাদি

৭৮.০১ ক্রয়কারী ও ক্রয়কার্যের সঙ্গে সংশ্লিষ্ট সকল ব্যক্তি, ক্রয় প্রক্রিয়াকরণ ও চুক্তি বাস্তবায়নকালে উহার কোন কর্মকর্তা বা কর্মচারী বা উহার পক্ষে অন্য কোন এজেন্ট বা মধ্যস্থতাকারী যেন উপ-অনুচ্ছেদ (৭৮.০২) এ বর্ণিত দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে জড়িত না হয়- উহার নিশ্চয়তা বিধান করিবে।

৭৮.০২ এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে-

(ক) "দুর্নীতিমূলক কার্য" (Corrupt Practice) অর্থে ক্রয় প্রক্রিয়ায় বা চুক্তিসম্পাদনকালীন ক্রয়কারী কর্তৃক কোন কার্য, সিদ্ধান্ত বা পদ্ধতি গ্রহণে প্ররোচিত করার উদ্দেশ্যে, ক্রয়কারী বা অন্য কোন সরকারী বা বেসরকারী কর্তৃপক্ষের কোন কর্মকর্তা বা কর্মচারীকে, প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষভাবে উৎকোচ, চাকরি, মূল্যবান দ্রব্য বা সেবা বা আর্থিক সুবিধা প্রদানের কোন প্রস্তাব প্রদান বা প্রদানের অঙ্গীকার করা বা ক্রয়কারীর কোন কর্মকর্তা বা কর্মচারী কর্তৃক উহা গ্রহণ বা চাওয়া বুঝাইবে;

(খ) "প্রতারণামূলক কার্য" (Fraudulent Practice) অর্থে ক্রয় কার্যক্রম বা চুক্তি বাস্তবায়ন প্রক্রিয়ায় কোন সিদ্ধান্তকে প্রভাবিত করিবার জন্য কোন ব্যক্তি কর্তৃক কোন মিথ্যা বিবৃতি প্রদান বা অসাধুভাবে কোন তথ্য গোপন করা বা চুক্তির মৌলিক শর্ত ভঙ্গ করা বুঝাইবে;

(গ) "চক্রান্তমূলক কার্য" (Collusive Practice) অর্থে ক্রয়কারীর, জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে, প্রকৃত ও অবাধ প্রতিযোগিতার সুযোগ হইতে বঞ্চিত করিয়া দরপত্র বা প্রস্তাব দাখিলের সংখ্যা ইচ্ছামত হ্রাস করা বা উহার মূল্য প্রতিযোগিতামূলক নয় এমন পর্যায়ে রাখার উদ্দেশ্যে দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে কোন চক্রান্ত বা যোগসাজশমূলক কার্য বুঝাইবে; এবং

(ঘ) "জবরদস্তিমূলক কার্য" (Coercive Practice) অর্থে ক্রয় কার্যক্রমের ফলাফলকে প্রভাবিত করা বা চুক্তি বাস্তবায়নে বিঘ্ন সৃষ্টি বা স্বাভাবিকভাবে দরপত্র, আবেদনপত্র, প্রস্তাব বা কোটেশন দাখিলে বাধা সৃষ্টির উদ্দেশ্যে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, কোন ব্যক্তি বা তাহার সম্পত্তির ক্ষতিসাধন করা বা ক্ষতিসাধনের হুমকি প্রদান করা বুঝাইবে।

৭৮.০৩ যদি কোন দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কার্যে কোন ব্যক্তি জড়িত হয়, তাহা হইলে ক্রয়কারী উক্ত কর্মকাণ্ডে জড়িত হওয়া বা থাকার বিষয়ে লিখিতভাবে ব্যাখ্যা প্রদানের জন্য সংশ্লিষ্ট ব্যক্তিকে নির্দেশ প্রদান করিবে।

৭৮.০৪ কারণ দর্শানোর পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রদত্ত ব্যাখ্যা ক্রয়কারী কার্যালয় প্রধান কর্তৃক গ্রহণযোগ্য না হইলে, ক্রয়কারী-

(ক) উক্ত ব্যক্তিকে অত:পর সংশ্লিষ্ট কোন ক্রয় কার্যক্রমে অংশগ্রহণ করা হইতে বিরত রাখিতে পারিবে; বা

(খ) উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুকূলে কোন কার্যাদেশ প্রদানের প্রস্তাব করা হইয়া থাকিলে উহা বাতিল করিতে পারিবে; বা

(গ) উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ভবিষ্যতে তাহার এবং অন্য সকল ক্রয়কারীর ক্রয় কার্যক্রমে, কোন নির্দিষ্ট মেয়াদ বা অনির্দিষ্ট মেয়াদের জন্য, অংশগ্রহণের অযোগ্য বলিয়া ঘোষণা করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তি, ঠিকাদার, সরবরাহকারী বা পরামর্শক কর্তৃক চুক্তির কোন মৌলিক শর্ত ভঙ্গ করিবার কারণে ক্রয়কারী চুক্তি বাতিল করিলে, ক্রয়কারী নিজস্ব বিবেচনায় সংশ্লিষ্ট ব্যক্তিকে ১ (এক) বৎসর অথবা অনধিক ২ (দুই) বৎসরের জন্য ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) এর অনুমোদনক্রমে উক্ত ক্রয়কারীর এবং অন্য সকল ক্রয়কারীর ক্রয় কার্যক্রমে অংশগ্রহণে অযোগ্য ঘোষণা করিতে পারিবে।

৭৮.০৫ উপ-অনুচ্ছেদ (৭৮.০৪) এর অধীন ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে, নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে-

(ক) সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যাখ্যা অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইলে, ক্রয়কারী সংশ্লিষ্ট কাগজপত্র ও তথ্যাদি সহকারে একটি প্রতিবেদন ক্রয়কারী কার্যালয় প্রধানের বিবেচনার জন্য প্রেরণ করিবে;

(খ) উপ-অনুচ্ছেদ [৭৮.০৫ (ক)] এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পরে, ক্রয়কারী কার্যালয় প্রধান সংশ্লিষ্ট বিষয়ে নিজেই সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবেন, বা সংশ্লিষ্ট প্রতিবেদন প্রাপ্তির ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে তাঁহার বা তৎকর্তৃক মনোনীত অন্য কোন কর্মকর্তার সভাপতিত্বে, অভিযোগ সম্পর্কে প্রথম যে ক্রয় কর্মকর্তা অবহিত হইয়াছেন তিনি ব্যতীত, ক্রয়কারীর কার্যালয়ের অন্যান্য কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করিবেন;

(গ) উপ-অনুচ্ছেদ [৭৮.০৫ (খ)] এর অধীন গঠিত কমিটি ক্রয়কারীর সুপারিশ পর্যালোচনা করিয়া ক্রয়কারীর নিকট হইতে সংশ্লিষ্ট প্রতিবেদন প্রাপ্তির ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে উক্ত বিষয়ে উহার সুপারিশ প্রদানপূর্বক একটি প্রতিবেদন ক্রয়কারী কার্যালয় প্রধানের নিকট পেশ করিবে; এবং

(ঘ) উপ-অনুচ্ছেদ [৭৮.০৫ (গ)] এর অধীন প্রদত্ত সুপারিশ বিবেচনাক্রমে ক্রয়কারী কার্যালয় প্রধান যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করিবেন এবং যদি সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ক্রয়কার্যে অংশগ্রহণে বিরত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়, তাহা হইলে ক্রয়কারী সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ক্রয়কার্যে অংশগ্রহণের সুযোগ হইতে বঞ্চিত করিবার বিষয়টি উহাকে সম্বোধনকৃত একটি পত্রযোগে অবহিত করিবে এবং সিপিটিইউ'র ওয়েবসাইটে ক্রয়কার্যে অংশগ্রহণের সুযোগ হইতে বঞ্চিত ব্যক্তিদের তালিকায় অন্তর্ভুক্ত করিয়া প্রকাশের জন্য সিপিটিইউকে উহার কপি প্রদান করিবে।

৭৮.০৬ উপ-অনুচ্ছেদ ৭৮.০৪ ও ৭৮.০৫ এর অধীন গৃহীত কার্যক্রমের বিবরণ ক্রয়কারী কর্তৃক সিপিটিইউ এর জ্ঞাতার্থে প্রেরণ করিতে হইবে।

৭৮.০৭ উপ-অনুচ্ছেদ ৭৮.০৪ ও ৭৮.০৫ এর অধীন গৃহীত সিদ্ধান্ত ও উহার কারণ ক্রয় কার্যক্রমের রেকর্ডে যথাযথভাবে লিপিবদ্ধ করিয়া সংরক্ষণ করিতে হইবে।

৭৮.০৮ আইন ও এই বিধিমালা প্রযোজ্য হওয়া সাপেক্ষে, কোন ব্যক্তি বা ক্রয়কারীর কোন কর্মকর্তা বা কর্মচারী যদি পেশাগত অসদাচরণ সংক্রান্ত কোন অপরাধ করে, তাহা হইলে তাঁহার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

# পরিশিষ্ট-৮

## ফ্লো-চার্ট [সংশোধিত]ঃ সরাসরি ক্রয় পদ্ধতি

